কুষ্টিয়ায় পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদের মতবিনিময় সভা হানিফ

কুষ্টিয়াকে উন্নত এবং আধুনিক জেলা হিসেবে গড়ে তুলতে চাই বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ এমপি।

তিনি বলেন, শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ যেভাবে বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিত। ঠিক তেমনি করে কুষ্টিয়াকে উন্নত এবং আধুনিক জেলা হিসেবে প্রতিষ্ঠিত করতে চাই। সন্ত্রাস-দারিদ্রমুক্ত উন্নত আধুনিক কুষ্টিয়া গড়ে তোলাই আমার লক্ষ্য।

আজ মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া জেলা বাস মিনিবাস মালিক গ্রুপ কার্যালয়ে কুষ্টিয়া জেলা পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদ আয়োজিত মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মাহবুব-উল আলম হানিফ বলেন, আমরা রাজনীতি করি মানুষের কল্যাণের জন্য, শান্তির জন্য। এই জনপদের মানুষ আমাকে নির্বাচিত করেছিলেন। নির্বাচিত হওয়ার পর অবহেলিত কুষ্টিয়াকে কিছুটা হলেও এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। কুষ্টিয়াকে ঘিরে আমার অনেক পরিকল্পনা ছিল কিন্তু লক্ষ্যে পুরোপুরি পৌঁছাতে পারিনি।

তিনি আরও বলেন, বাসে আগুন লাগিয়ে মানুষ পুড়িয়ে হত্যা করা এটি জঘন্যতম গণহত্যার শামিল। বিএনপি হরতাল অবরোধের ডাক দিলেও পরিবহন মালিক, শ্রমিক ঐক্য পরিষদের সমন্বয়ে এসব যানবাহন চলাচল করে যাচ্ছে। যানবাহন চলাচল না করলে জনগণের ভোগান্তি হয়, মালিক শ্রমিকের ক্ষতি হয় তাই এসব পরিহার করে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

কুষ্টিয়া জেলা বাস মিনিবাস মালিক গ্রুপের সভাপতি মোঃ আকতারুজ্জামানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হাসান আবুল ফজল সেলিমের সঞ্চালনায় বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, সিনিয়র সহসভাপতি হাজী রবিউল ইসলাম, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. শেখ হাসান মেহেদী, যুব ও ক্রীড়া

সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, জেলা বাস মালিক সমিতির সাবেক কার্যকরী সভাপতি আতাহার আলী, জেলা ট্রাক মালিক সমিতির সাধারন সম্পাদক নরেন্দ্রনাথ সাহা, সহ সভাপতি আশরাফ উদ্দিন নজু, নির্বাহী সদস্য রুহুল আমিন, জেলা বাস- মিনিবাস মালিক সমিতির সভাপতি মকবুল হোসেন লাবলু, জেলা মোটরশ্রমিক ইউনিয়নের সভাপতি মাহবুব আলম, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক ওমর ফারুক প্রমুখ।

কুষ্টিয়া উন্নয়নের রুপকার, সদর আসনের সংসদ সদস্য জননেতা মাহবুব উল আলম হানিফের দৃশ্যমান উন্নয়নের চিত্র তুলে ধরে জেলা ট্রাক মালিক সমিতির সহ সভাপতি আশরাফ উদ্দিন নজু বলেন, আমাদের জননেতা কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি হওয়ার পর এ জেলার আমুল পরিবর্তন হয়েছে। এ জেলায় ট্রাক টার্মিনাল না থাকায় আগামীতে ট্রাক টার্মিনালের নির্মাণের অনুরোধও জানান তিনি।